# যুব বার্তা

ত্রৈমাসিক সংবাদ সাময়িকী

যুব উন্নয়ন অধিদপ্তর

এপ্রিল- জুন ২০২৪ (প্রকাশকাল: আগস্ট ২০২৪) ৫৬তম সংখ্যা


## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়াকে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানীত সচিব ড. মহিউদ্দীন আহমেদ, উপস্থিত আছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান ও যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় উপদেষ্টা হিসেবে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্ব পেয়েছেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। ১১/০৮/২০২৪ তারিখ রবিবার প্রথমবারের মতো সচিবালয়ে আগমন করেন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়াকে ফুলেল শুভেচ্ছা জানান যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানীত সচিব ড. মহিউদ্দীন আহমেদ, এ সময় উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তাবৃন্দ। তিনি নিজের রুমে উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। মাননীয় উপদেষ্টা গণমাধ্যমকে জানান, প্রথম দিনে আমরা তিনটি বিষয়ে সিদ্ধান্ত নিয়েছি, প্রথমটি হলো যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনে "শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট" এর নাম পরিবর্তন করতে চাই। আইনশৃংখলা পরিস্থিতির কারণে বাংলাদেশ নারী টি-টোয়েন্টি বিশ্বকাপ আয়োজন হুমকির মুখে পড়েছে বিসিবির সংগে আলোচনা করে দ্রুত সমাধান করতে হবে। মাননীয় যুব ও ক্রীড়া উপদেষ্টা আরো জানান, আমাদের যে কাজগুলো চলমান আছে সেগুলো যাতে দ্রুত শেষ করা যায় সে বিষয়ে পদক্ষেপ নেয়া হবে।




১১/০৮/২০২৪ তারিখ রবিবার সচিবালয়ে প্রথমবারের মতো অফিসে এসে সাংবাদিকদের সাথে কথা বলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া, উপস্থিত আছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানীত সচিব ড. মহিউদ্দীন আহমেদ।


**প্রকাশনায়: যুব উন্নয়ন অধিদপ্তর**, E-mail: publication@dyd.gov.bd, Website: www.dyd.gov.bd www.facebook.com/departmentofyouthdevelopmenthq

# ইনোভেশন শোকেসিং২০২৪ অনুষ্ঠিত




ইনোভেশন শোকেসিং২০২৪ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অদিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ডঃ গাজী মোঃ সাইফুজ্জামান, উপস্থিত আছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানিত অতিরিক্ত সচিব, জনাব মোঃ মোস্তফা কামাল মজুমদার ও যুব উন্নয়ন অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।



ইনোভেশন শোকেসিং২০২৪ উদ্বোধনী অনুষ্ঠানে স্টল পরিদর্শন করছেন অতিথিবৃন্দ




যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান এর নিকট থেকে ইনোভেশন শোকেসিং২০২৪ এর ১ম পুরষ্কার গ্রহণ করছেন জনাব এ কে এম মফিজুল ইসলাম,পরিচালক (দা.বি. ও ঋণ) ও ইনোভেশন অফিসার,সাথে আছেন দা. বি. শাখার উপপরিচালক ও সহকারী পরিচালকগণ।

যুব উন্নয়ন অধিদপ্তরের অফিস সমূহের অংশগ্রহণে ২০২৩-২০২৪ অর্থবছরের উদ্ভাবন পরিকল্পনার আওতায় ৬ মে২০২৪ তারিখে যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে ইনোভেশন শোকেসিং২০২৪ অনুষ্ঠিত হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকাল ১০.০০ ঘটিকায় "ইনোভেশন শোকেসিং২০২৪" অনুষ্ঠানের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানিত অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার জনাব মোঃ মোস্তফা কামাল মজুমদার এবং সভাপতিত্ব করেন জনাব এ কে এম মফিজুল ইসলাম,পরিচালক (দা.বি.ও ঋণ) ও ইনোভেশন অফিসার,যুব উন্নয়ন অধিদপ্তর। বিজ্ঞ বিচারকের দায়িত্বে ছিলেন জনাব প্রিয়সিন্ধু তালুকদার, যুগ্মসচিব,পরিচালক (বাস্তবায়ন ,মনিটরিং ও যুব সংগঠন),যুব উন্নয়ন অধিদপ্তর। অনুষ্ঠানে কর্মকর্তা ও যুব সংগঠকসহ মনোনীত ২৫ জন অংশ গ্রহণ করেন। "ইনোভেশন শোকেসিং ২০২৪" এ বর্ণিত ৭টি স্টল অতিথিদের দৃষ্টি আকর্ষণ করে। ১. ডিজিটাল ঋণ আদায় ও রেকর্ড সংরক্ষণ ২.ঋণ কার্যক্রমে ই সার্ভিসের মাধ্যমে ঋণ প্রক্রিয়া সহজিকরণ ৩.অনলাইন ট্রেনিং অ্যাপ্লিকেশন এন্ড কোর্স ম্যানেজমেন্ট সিস্টেম ৪.ঋণের ডাটাবেজ তৈরির মাধ্যমে ঋণ নিরীক্ষা কার্যক্রম সহজিকরণ ৫. বেকার মুক্ত গ্রাম সৃজন ৬. যুব সংগঠন অনলাইনে নিবন্ধনের মাধ্যমে যুব সংঠন নিবন্ধন সেবা সহজিকরণ ৭. আয়বর্ধক কর্মসূচির মাধ্যমে যুবনারীদের স্বনির্ভরকরণ ও নারীদের ক্ষমতায়ন। নিম্নবর্ণিত স্টল সমূহ ১ম, ২য় ও ৩য় হিসেবে বিবেচনা করা হয়।

১. ডিজিটাল ঋণ আদায় ও রেকর্ড সংরক্ষণ-প্রথম
২. বেকার মুক্ত গ্রাম সৃজন-দ্বিতীয়
৩. আয়বর্ধক কর্মসূচির মাধ্যমে যুবনারীদের স্বনির্ভরকরণ ও নারীদের ক্ষমতায়ন-তৃতীয়


উদ্বোধনী বক্তব্যে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় বলেন, সেবা প্রদান ব্যবস্থায় প্রয়োজনীয় পরিবর্তন আনার লক্ষ্যে নতুন নতুন ধারনা উদ্ভাবন করতে হবে। বিশেষ অতিথি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানিত অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার জনাব মোঃ মোস্তফা কামাল মজুমদার অনুষ্ঠানের ভূয়সী প্রশংসা করেন এবং উদ্ভাবনী স্টল দেখে মুগ্ধ হয়েছেন। যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত পরিচালকবৃন্দ ও অন্যান্য কর্মকর্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনাব মোঃ আতিকুর রহমান,উপপরিচালক (প্রশাসন),যুব উন্নয়ন অধিদপ্তর।

# দিনব্যাপী ওরিয়েন্টেশন প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত



ওরিয়েন্টেশনে বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণার্থীদের ভর্তির আবেদন অনলাইনে গ্রহণ ও প্রক্রিয়াকরণ বিষয়ে দক্ষতা উন্নয়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারিদের দিনব্যাপী ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। ২০০২৩-২০২৪ অর্থবছরে ০৪টি ব্যাচে ওরিয়েন্টেশন (২৩/০৪/২০২৪, ৩০/০৪/২০২৪, ০৫/০৫/২০২৪ ও ২৭/০৫/২০২৪ তারিখ) অনুষ্ঠিত হয়। প্রতি ব্যাচে ৪০ জন করে মোট ১৬০ জন প্রশিক্ষণার্থী ওরিয়েন্টেশনে অংশ গ্রহণ করেন। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান সভাপতি হিসেবে উপস্থিত থেকে ওরিয়েন্টেশন উদ্বোধন করেন। জনাব মোঃ মানিকহার রহমান, পরিচালক (প্রশিক্ষণ) ও যুব উন্নয়ন অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ ওরিয়েন্টেশন প্রশিক্ষণে উপস্থিত ছিলেন।






যুব উন্নয়ন অধিদপ্তর এর পরিচালক (প্রশাসন), জনাব মোঃ আঃ হামিদ খান, শিক্ষা মন্ত্রণালয়াধীন স্কিলস ২১ প্রকল্পের আওতায় আয়োজিত ৮-১৬ জুন ২০২৪ পর্যন্ত দুটি গুরুত্বপূর্ণ ইউরোপীয় দেশ ইটালী ও জার্মানীতে অনুষ্ঠিত একটি অফিসিয়াল স্টাডি ট্যুর প্রোগ্রামে অংশগ্রহণ করেন।

# ২০২৩-২০২৪ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কারে ভূষিত মহাপরিচালকের কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের মাঝে শুদ্ধাচার পুরস্কার বিতরণ









শুদ্ধাচার পুরস্কার প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান

২৯/০৬/২০২৪ তারিখ যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান এর উপস্থিতিতে ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়। শুদ্ধাচার পুরস্কার বিতরণ অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনাব মোঃ আতিকুর রহমান, উপপরিচালক (প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে যুব উন্নয়ন অধিদপ্তরের সকল পরিচালক ও প্রকল্প পরিচালক এবং অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। মনোনীত প্রত্যেককে শুদ্ধাচার পুরস্কার হিসেবে ক্রেস্ট, সনদপত্র ও শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধিত ) নীতিমালা ২০২১ অনুসারে শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনীত কর্মকর্তা/কর্মচারীগণকে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ মঞ্জুর করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের ১৪ নভেম্বর ২০২১ তারিখের প্রজ্ঞাপনের স্মারক নম্বর ০০.০০০০.৮২২.১৪.০৭০.১৯.১৪৬ অনুসারে সরকারি-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধিত) নীতিমালা-২০২১ অনুসরণে যুব উন্নয়ন অধিদপ্তর , মহাপরিচালকের কার্যালয় এর শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটি কর্তৃক নীতিমালান অনুচ্ছেদ ৫.৫ অনুযায়ী একাধিক কর্মচারীর প্রাপ্ত নম্বর একই হওয়ায় নিম্নবর্ণিত কর্মকর্তা ও কর্মচারীগণকে শুদ্ধাচার পুরস্কার ২০২৪ প্রদানের জন্য মনোনীত করা হয়।

ক. মহাপরিচালকের কার্যালয়,যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা(গ্রেড ২ থেকে গ্রেড ৯ পর্যন্ত)

| ক্র.নং | কর্মকর্তার নাম ও পদবী | বেতন গ্রেড | মুলবেতন |
|---|---|---|---|
| ০১ | **জনাব এ কে এম মফিজুল ইসলাম**, পরিচালক (দা.বি. ও ঋণ) | বেতন গ্রেড-৪র্থ | ৭১,২০০/= |
| ০২ | **জনাব মোঃ আব্দুর রেজ্জাক**, পরিচালক (অর্থ) | বেতন গ্রেড-৪র্থ | ৭১,২০০/= |
| ০৩ | **জনাব মোঃ হামিদুর রহমান**, উপপরিচালক (প্রশিক্ষণ ) | বেতন গ্রেড-৬ষ্ঠ | ৫৫,১১০/= |
| ০৪ | **জনাব মরিয়ম আক্তার**, উপপরিচালক (বাস্তবায়ন ) | বেতন গ্রেড-৬ষ্ঠ | ৫৫,১১০/= |
| ০৫ | **জনাব মোহাম্মদ আবুল বাসার**, সহকারী পরিচারক (প্রশাসন ) | বেতন গ্রেড-৯ম | ৫৫,১১০/= |

খ. মহাপরিচালকের কার্যালয়,যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা(গ্রেড ১০ থেকে গ্রেড ১৬ পর্যন্ত)

| ক্র.নং | কর্মচারীদের নাম ও পদবী | বেতন গ্রেড | মুলবেতন |
|---|---|---|---|
| ০১ | **জনাব মোঃ সুমন মিয়া**, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | বেতন গ্রেড-১৬তম | ১৬,৭৬০/= |
| ০২ | **জনাব মোঃ মাহমুদুল হাসান**, গাড়ীচালক | বেতন গ্রেড-১৬তম | ১২,৪১০/= |

গ. মহাপরিচালকের কার্যালয়,যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা(গ্রেড ১৭ থেকে গ্রেড ২০ পর্যন্ত)

| ক্র.নং | কর্মচারীদের নাম ও পদবী | বেতন গ্রেড | মুলবেতন |
|---|---|---|---|
| ০১ | **জনাব মোঃ মোরশেদ আলম**, অফিস সহায়ক | বেতন গ্রেড-২০তম | ৮,৬৭০/= |
| ০২ | **জনাব মোঃ আঃ মান্নান**, নিরাপত্তা প্রহরী | বেতন গ্রেড-১৭তম | ১৯,৭৭০/= |
| ০৩ | **জনাব মোঃ বাদল ভূইয়া**, অফিস সহায়ক | বেতন গ্রেড-১৭তম | ৮,৬৭০/= |

ঘ. জেলা পর্যায়ের কার্যালয়,যুব উন্নয়ন অধিদপ্তর (গ্রেড ২ থেকে গ্রেড ৯ম পর্যন্ত)

| ক্র.নং | কর্মকর্তার নাম,পদবী ও কর্মস্থল | বেতন গ্রেড | মুলবেতন |
|---|---|---|---|
| ০১ | **জনাব মোঃ শাহীদুল ইসলাম**, উপপরিচালক,যুব উন্নয়ন অধিদপ্তর,যশোর | বেতন গ্রেড-৬ষ্ঠ | ৫৫,১১০/= |
| ০২ | জনাব **এস এম ইমরোজ এরশাদ**, কো-অর্ডিনেটর,যুব প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট | বেতন গ্রেড-৬ষ্ঠ | ৬০,৭৭০/= |

# "ঋণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ন শীর্ষক" ০৬টি বিভাগে আঞ্চলিক কর্মশালা ও সেরা পারফরমেন্স অর্জনকারী উপজেলাকে পুরস্কার প্রদান






ঋণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ন শীর্ষক বিভাগীয় কর্মশালায় বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের সন্মানিত মহাপরিচালক(গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান। উপস্থিত আছেন জনাব এ কে এম মফিজুল ইসলাম ,পরিচালক(দা.বি ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

যুব উন্নয়ন অধিদপ্তর, দারিদ্র বিমোচন ও ঋণ শাখার তত্ত্বাবধানে ২০২৩-২০২৪ অর্থ বছরে এপ্রিল-জুন প্রান্তিকে “ঋণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ন শীর্ষক ০৬টি বিভাগে আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় চট্টগ্রাম বিভাগের ৭৮টি উপজেলা, রাজশাহী বিভাগের ৬৮টি উপজেলা, খুলনা বিভাগের ৬১টি উপজেলা,ও রংপুর বিভাগের ৫৮টি উপজেলা, সিলেট বিভাগের ৫৬টি উপজেলা এবং বরিশাল বিভাগের ৪২টি উপজেলা অংশ গ্রহন করেন। বিভাগীয় পর্যায়ে ঋণ কার্যক্রমে সেরা পারফরমেন্স অর্জনকারী উপজেলা হিসেবে নিম্মোক্ত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়কে একটি ক্রেস্ট ও সনদপত্র প্রদানের মাধ্যমে পুরস্কৃত করা হয়।

| ক্রমিক নং | বিভাগ | সেরা পারফরমেন্স অর্জনকারী উপজেলার নাম | সেরা পাফরমেন্স অর্জকারী হিসাবে অবস্থান |
|---|---|---|---|
| ০১ | চট্টগ্রাম | চকোরিয়া,কক্সবাজার | ১ম |
| | | দিঘিনালা,খাগড়াছড়ি | ২য় |
| | | সেনবাগ,নোয়াখালী | ৩য় |
| ০২ | রাজশাহী | নাচোল,চাপাইনবাবগঞ্জ | ১ম |
| | | ধূনট,বগুড়া | ২য় |
| | | শিবগঞ্জ,বগুড়া | ৩য় |
| ০৩ | খুলনা | চুয়াডাংগা সদর, চুয়াডাঙ্গা | ১ম |
| | | কোর্ট চাদপুর,ঝিনাইদহ | ২য় |
| | | দামুরহুদা, চুয়াডাঙ্গা | ৩য় |
| ০৪ | রংপুর | আটোয়ারী, পঞ্চগড় | ১ম |
| | | বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও | ২য় |
| | | দিনাজপুর সদর, দিনাজপুর | ৩য় |
| ০৫ | সিলেট | বরুড়া,কুমিল্লা | ১ম |
| | | কানাইঘাট, সিলেট | ২য় |
| | | বি-বাড়িয়া, সিলেট | ৩য় |
| ০৬ | বরিশাল | বরিশাল সদর,বরিশাল | ১ম |
| | | বেতাগী,বরগুনা | ২য় |
| | | আগৈলঝড়া, বরিশাল | ৩য় |

দিনব্যাপী কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার শুভ উদ্বোধন করেন যুব উন্নয়ন অধিদপ্তরের মান্যবর মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান। কর্মশালাসমুহে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সম্মানিত অতিরিক্ত সচিব জনাব মোস্তফা কামাল মজুমদার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,জনাব মোহাঃ লিয়াকত আলী ,যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জনাব মোঃ সিরাজুর রহমান ভূঞা, উপসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। এছাড়াও যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক(পরিকল্পনা) জনাব এম এ আখের,পরিচালক (অর্থ) জনাব আব্দুর রেজ্জাক, এবং পরিচালক (দা.বি ও ঋণ) জনাব এ কে এম মফিজুল ইসলাম




ঋণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ন শীর্ষক কর্মশালায় বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের সন্মানিত মহাপরিচালক(গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান। উপস্থিত আছেন জনাব এ কে এম মফিজুল ইসলাম ,পরিচালক(দা.বি ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



ঋণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ন শীর্সক কর্মশালায় অংশগ্রহণকারীগণ

মহোদয়গণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে কর্মশালায় অংশ গ্রহন করেন। যুব উন্নয়ন অধিদপ্তরের মান্যবর মহাপরিচালক (গ্রেড-১) তাঁর বক্তব্যে বলেন,যুবদের উদ্যোক্তায় পরিণত করতে ঋণ সহায়তা প্রদানের জন্য ঋণের সিলিং বৃদ্ধির প্রস্তাব সক্রিয় বিবেচনায় রয়েছে। এছাড়াও প্রশিক্ষিত যুবদের আরো ঋণ সুবিধার জন্য যুব উন্নয়ন অধিদপ্তর কর্মসংস্থান ব্যাংক এবং এনআরবিসি ব্যাংকের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। যুবদের দক্ষতাবৃদ্ধি এবং কর্মসংস্থান তৈরীব জন্য যুব উন্নয়ন অধিদপ্তর নতুন নতুন প্রকল্প বাস্তবায়ন করছে এবং কয়েকটি প্রকল্প অনুমোদনের অপেক্ষায় রয়েছে। অধিদপ্তরের ঋণ কার্যক্রমের স্বচ্ছতার জন্য ঋণের ডাটাবেজ এর গুরুত্ব তুলে ধরে ঋণ বিতরণ ও আদায় হালনাগাদ রাখতে ডাটা নিয়মিত এন্ট্রি করার পরামর্শ দেন এবং তিনি অধিদপ্তরের ঋণের ডাটাবেজ কার্যক্রমের প্রশংসা করেন। তিনি কর্মশালার মাধ্যমে প্রাপ্ত সুপারিশমালা অধিদপ্তরের কার্যক্রমকে আরো গতিশীল করবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

# অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ এবং তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধিমালা,প্রবিধিমালা ও স্বপ্রণোদিত তথ্য নির্দেশিকা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত



যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তাদের জন্য তথ্য অধিকার আইন'২০০৯ এর বিধিমালা প্রবিধিমালা ও স্বপ্রণোদিত তথ্য বিষয়ক প্রশিক্ষণ উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ( গ্রেড-১ ) ডঃ গাজী মোঃ সাইফুজ্জামান



যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মচারীদের জন্য অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১ ) ডঃ গাজী মোঃ সাইফুজ্জামান

২৮ মে'২০২৪ তারিখ সকাল ১০.০০ঘটিকা হতে দিনব্যাপী যুব ভবনের সম্মেলন কক্ষে 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ' এবং "তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধিমালা, প্রবিধিমালা ও স্বপ্রণোদিত তথ্য নির্দেশিকা" বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় । যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক ( গ্রেড-১ ) ড. গাজী মোঃ সাইফুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠিত 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ' কোর্সে প্রধান কার্যালয়ের মনোনীত ৩০ জন কর্মচারী এবং " তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধিমালা, প্রবিধিমালা ও স্বপ্রণোদিত তথ্য নির্দেশিকা" বিষয়ক প্রশিক্ষণ কোর্সে ৫০ জন কর্মকর্তা অংশ গ্রহণ করেন। সভাপতি কর্তৃক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনের পর সূচনা পর্বে যুব অধিদপ্তরের পরিচালক(প্রশাসন) জনাব মোঃ আঃ হামিদ খান তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধিমালা,প্রবিধিমালা সম্পর্কে আলোচনা করে প্রশিক্ষণের গুরুত্ব তুলে ধরেন। জনাব অমলেন্দু বিশ্বাস,প্রোগ্রামার অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। প্রশিক্ষণে তথ্য অধিকার আইন ২০০৯ এর ডকুমেন্টারি প্রদর্শিত হয়। এ পর্যায়ে তথ্য প্রদান কর্মকর্তার দায়িত্ব প্রাপ্ত অফিসার জনাব মোঃ গজনবী খান তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় তথ্য পাওয়ার কৌশল/ হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক বিষয়ের অন্তর্ভূক্ত জাতীয় শুদ্ধাচার কৌশলের অনুষঙ্গ হলো তথ্য অধিকার ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS)। সুতরাং APA এর সুষ্ঠু বাস্তবায়নে তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণে এবং অভিযোগ প্রতিকারে সংশ্লিষ্টদের আরো আন্তরিক হতে হবে। এ প্রসংগে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ আবুল বাসার আলোচনা করেন। তথ্য প্রাপ্তির অধিকারকে জনগণের ক্ষমতায়নের একটি মাধ্যম হিসাবে বিবেচনা করা হয়। এ লক্ষ্যে সরকারি- বেসরকারি সকল সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহি প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন নিশ্চিতকরণের জন্য তথ্য অদিকার আইন ২০০৯ প্রণয়ন করা হয়েছে। এর ফলে সরকারি- বেসরকারি প্রতিষ্ঠানে জনগণের অবাধ তথ্য প্রবেশাধিকারে এক নতুন দিগন্তের সৃষ্টি হয়েছে এবং কর্তৃপক্ষের উপর নাগরিকদের তথ্য প্রদানের বাধ্যবাধকতা প্রতিষ্ঠিত হয়েছে।

# ২০২৩-২০২৪ অর্থবছরে প্রশিক্ষণ ফলোআপ সভা অনুষ্ঠিত



প্রশিক্ষণ ফলোআপ সভায় বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অদিদপ্তরের সম্মানিত পরিচালক (প্রশিক্ষণ) মোঃ মানিকহার রহমান,অনুষ্ঠানে উপস্থিত আছেন যুব উন্নয়ন অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ

যুব সমাজকে কর্মোপযোগী কারিগরি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অর্জন ও গুণগত মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে মাঠ পর্যায়ের সিনিয়র প্রশিক্ষক, প্রশিক্ষক, জুনিয়র প্রশিক্ষক ও সহকারী প্রশিক্ষকসহ যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত যুব উদ্যোক্তা, আত্নকর্মী এবং যুব পুরস্কারপ্রাপ্তদের সমন্বয়ে ১৭/০৪/২০২৪ খ্রিঃ তারিখ, ১৩/০৫/২০২৪ ও ১৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখে যথাক্রমে ১ম ,২য় ৩য় ব্যাচে ০৩টি প্রশিক্ষণ ফলোআপ সভা অনুষ্ঠিত হয়। প্রতি সভায় ৫০ জন করে ০৩টি সভায় মোট ১৫০ জন প্রশিক্ষণার্থী ফলোআপ প্রশিক্ষণ সভায় অংশ গ্রহণ করেন। সভায় প্রশিক্ষণের গুণগত মান উন্নয়নের লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয়। সভায় সভাপতিত্ব করেন যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান। উক্ত সভায় পরিচালক (প্রশিক্ষণ) মহোদয়সহ যুব উন্নয়ন অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

# সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক প্রশিক্ষণ,অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার আইন'২০০৯ বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা অনুষ্ঠিত



সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন র্টার) বিষয়ক প্রশিক্ষণ কোর্সে বক্তব্য প্রদান করছেন জনাব প্রিয়সিন্ধু তালুকদার, যুগ্মসচিব, পরিচালক (বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন), যুব উন্নয়ন অধিদপ্তর।



অভিযোগ প্রতিকার বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২য় অর্ধবার্ষিক অবহিতকরণ সভায় বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান।



তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধি বিধান সম্পর্কে জনসচেতনতামূলক সভায় বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান।

১২ জুন২০২৪ তারিখ সকাল ১০.০০ টায় মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের কার্যালযের কর্মচারীগণের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) বিষয়ক প্রশিক্ষণ যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কোর্সটি উদ্বোধন করেন যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান। সর্বমোট ৫০ জন কর্মচারী প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) বিষয়ক প্রশিক্ষণ কোর্সে বিস্তারিত আলোচনা করেন জনাব প্রিয়সিন্ধু তালুকদার, যুগ্মসচিব,পরিচালক (বাস্তবায়ন,মনিটরিং ও যুব সংগঠন), যুব উন্নয়ন অধিদপ্তর। সকাল ১০.৩০ টায় ২০২৩-২০২৪ অর্থবছরের কার্যক্রম ২.২ আলোকে অভিযোগ প্রতিকার বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২য় অর্ধবার্ষিক অবহিতকরণ সভা যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। বেলা ১১.৩০ টায় ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার কার্যক্রম ১.৫ এর নির্দেশনার আলোকে তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধি বিধান সম্পর্কে জনসচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়। সভা দুটিতে মহাপরিচালকের কার্যালয়ের সকল পর্যায়ের কর্মকর্তাগণ সরাসরি ও ৮ বিভাগের উপপরিচালক,কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং মনোনীত কর্মচারী ও যুব উদ্যোক্তাগণ ভার্চুয়ালী অংশগ্রহণ করেন। যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান এর সভাপতিত্বে উক্ত সভা অনুষ্ঠিত হয়। সমগ্র অনুষ্ঠান সঞ্চালনা করেন জনাব মোঃ আতিকুর রহমান,উপপরিচালক (প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর।

# সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার ) এর ৪র্থ ত্রৈমাসিক ভিত্তিতে তদারকির মাধ্যমে হালনাগাদকরণ সংক্রান্ত সভা অনুষ্ঠিত



সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার ) এর ৪র্থ ত্রৈমাসিক ভিত্তিতে তদারকির মাধ্যমে হালনাগাদকরণ সভায় সভাপতি হিসেবে বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান।

৩০ জুন২০২৪ বেলা ১১.০০টায় যুব অধিদপ্তরের সম্মেলন কক্ষে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার ) এর ৪র্থ ত্রৈমাসিক ভিত্তিতে তদারকির মাধ্যমে হালনাগাদকরণ সংক্রান্ত এক সভা অনুষ্ঠিত হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সূচনা বক্তব্য প্রদান করেন জনাব মোঃ আঃ হামিদ খান, পরিচালক (প্রশাসন),যুব উন্নয়ন অধিদপ্তর। সভাপতি মহোদয় সিটিজেন চার্টার অনুযায়ী কি কি সেবা প্রদান করা হয় জানতে চাইলে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ আবুল বাসার, সহকারী পরিচালক (প্রশাসন) এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি জানান যে,প্রধান কার্যালয় মূলতঃ যুব উন্নয়ন অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের অভ্যন্তরীন সেবাসমূহ দিয়ে থাকে। GRS ও তথ্য অধিকার আইনে চাহিত তথ্য দিয়ে সেবা প্রদান করা হয়ে থাকে। মাঠ পর্যায়ে জেলা ও উপজেলা কার্যালয়সমূহ সচরাচর নাগরিক সেবা প্রদান করে থাকেন। যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১)মহোদয় প্রতি তিন মাস অন্তর সিটিজেন চার্টার হালনাগাদকরণসহ ওয়েব পোর্টালে প্রকাশের নির্দেশনা প্রদান করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনাব মোহাম্মদ আবুল বাসার, সহকারী পরিচালক (প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর।

# মহাপরিচালকের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থবছরের স্টেকহোল্ডারদের ৪র্থ সভা বগুড়ায় অনুষ্ঠিত



জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থবছরের স্টেকহোল্ডারদের ৪র্থ সভায় উপস্থিত আছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান ও যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ।



যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান কে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন যুব উন্নয়ন অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ও উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,বগুড়া।

মহাপরিচালকের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থবছরের স্টেকহোল্ডারদের ৪র্থ সভা অংশীজনদের (Stake Holders ) অংশগ্রহণে গত ১১ মে ২০২৪ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়ায় অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান। মাঠ পর্যায়ের মনোনীত উপপরিচালক, কো-অর্ডিনেটর, ডেপুটি কো- অর্ডিনেটর, যুব সংগঠক, প্রশিক্ষণার্থী, জাতীয় যুব পুরস্কার প্রাপ্ত যুব/ আত্মকর্মীসহ মহাপরিচালকের কার্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ সভায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব এ কে এম মফিজুল ইসলাম,পরিচালক (দা.বি. ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর। সহকারী পরিচালক (প্রশাসন) ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ফোকালপয়েন্ট জনাব মোহাম্মদ আবুল বাসার এর সঞ্চালনায় আলোচনার শুরুতে সিটিজেনস চার্টার নিয়ে শাখা ও প্রকল্প ভিত্তিক সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন সংশ্লিষ্ট পরিচালক ও প্রকল্প পরিচালকগণ। তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে তথ্য অধিকার আইন ২০০৯ প্রণয়ন করে। সে আলোকে তথ্য প্রাপ্তি ও অন্যান্য বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা হয়। মুক্ত আলোচনায় অংশীজন যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সেবা,অভিযোগ ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন নিয়ে বিশদ আলোচনায় তাদের মতামত ও পরামর্শ তুলে ধরেন।

# পবিত্র ঈদুল ফিতর, পবিত্র ঈদুল আযহা ও ১৪৩১ বাংলা শুভ নববর্ষের শুভেচ্ছা বিনিময়




পবিত্র ঈদুল ফিতর ও শুভ নববর্ষ ১৪৩১ বঙ্গাব্দ উপলক্ষ্যে বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ( গ্রেড-১ ) ড. গাজী মোঃ সাইফুজ্জামান,সভায় উপস্থিত আছেন যুব উন্নয়ন অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।



পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ( গ্রেড-১ ) ড. গাজী মোঃ সাইফুজ্জামান। সভায় উপস্থিত আছেন যুব উন্নয়ন অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।

১৫ এপ্রিল২০২৪ তারিখ সকাল ১০.০০ টায় যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক(গ্রেড-১) জনাব ড. গাজী মোঃ সাইফুজ্জামান এঁর উদ্যোগে পবিত্র ঈদুল ফিতর ও ১৪৩১ বাংলা শুভ নববর্ষের শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানের আয়োজন করা হয়। মহাপরিচালক ( গ্রেড-১ ) মহোদয় জানান ৩০ দিন সিয়াম সাধনার পর যথাযথ ধর্মীয় ভাবগাম্ভীর্য ও ব্যাপক উৎসাহ,আনন্দ ও উদ্দীপনার মধ্যদিয়ে ১১ এপ্রিল'২০২৪ সারা দেশে মুসলমানরা তাদের বৃহত্তম ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল ফিতর, ১৯জুন২০২৪ বেলা ১১.০০ টায় পবিত্র ঈদুল আযহা উদ্‌যাপনোত্তর শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। আমরা সকলেই ঈদের আনন্দ ও উৎসব পালন করেছি। সামনের দিনগুলোতে আনন্দের সাথে দায়িত্ব পালনের জন্য মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে অনুরোধ জানান। মহপরিচালক(গ্রেড-১) মহোদয় জানান বিভিন্ন আচার অনুষ্ঠান উদ্‌যাপনের মাধ্যমে আমরা ১৪৩০ বঙ্গাব্দ অতিক্রম করেছি। তিনি বাংলা ১৪৩১ সালকে বরণ ও সঠিকভাবে দায়িত্ব পালনের জন্য সকলের প্রতি আহ্বান জানান। মহপরিচালক (গ্রেড-১) মহোদয় আরো জানান মহান সৃষ্টিকর্তা আমাদেরকে এমন পেষায় নিয়োজিত করেছেন যার মাধ্যমে মানুষকে অধিকহারে সেবা প্রদান করা যায়। যুবদেরকে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে প্রশিক্ষণ ও ঋণ প্রদান করে আত্মকর্মী করে গড়ে তোলা এবং মানব সম্পদ উন্নয়নে কাজ করা। সবশেষে মহাপরিচালক(গ্রেড-১) মহোদয় অনুষ্ঠানে উপস্থিত অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জ্ঞাপন করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনাব মোঃ আতিকুর রহমান,উপপরিচালক(প্রশাসন),যুব উন্নয়ন অধিদপ্তর । পরিচালক (প্রশাসন) জনাব মোঃ আঃ হামিদ খান,উপস্থিত সকল কর্মকর্তা/ কর্মচারীদেরকে বাংলা নববর্ষের শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন।

# স্বাক্ষর হলো ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)




যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সাথে মাঠ পর্যায়ের ৬৪টি জেলা কার্যালয়ের উপপরিচালকগণের ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান।



যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান এর সাথে জেলার উপপরিচালকগণের ২০২৪-২০২৫ অর্থবছরের বিনিময়।

২৯ জুন ২০২৪ তারিখ যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সাথে মাঠ পর্যায়ের ৬৪টি জেলা কার্যালয়ের উপপরিচালকগণের ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ ) স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান। অনুষ্ঠানের শুরুতে সূচনা বক্তব্য প্রদান করেন জনাব মোঃ আঃ হামিদ খান, পরিচালক (প্রশাসন ) ও এপিএ টিম প্রধান,যুব উন্নয়ন অধিদপ্তর। মাঠ পর্যায়ের ৬৪টি জেলা কার্যালয়ের উপপরিচালকগণের পক্ষ থেকে বক্তব্য প্রদান করেন জনাব এ কে এম শাহরিয়ার রেজা, উপরিচালক,যুব উন্নয়ন অধিদপ্তর,নারায়ণগঞ্জ ও জনাব মোঃ তোছাদ্দেক হোসেন, উপরিচালক,যুব উন্নয়ন অধিদপ্তর,বগুড়া। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ ) স্বাক্ষর অনুষ্ঠানে দিকর্দিশনামূলক বক্তব্য প্রদান করেন জনাব এ কে এম মফিজুল ইসলাম,পরিচালক (দা.বি. ও ঋণ), জনাব মোঃ আব্দুর রেজ্জাক,পরিচালক (অর্থ ), জনাব এম এ আখের পরিচালক (পরিকল্পনা ), জনাব মোঃ মানিকহার রহমান,পরিচালক(প্রশিক্ষণ), জনাব প্রিয়সিন্ধু তালুকদার (যুগ্মসচিব ),পরিচালক (বাস্তবায়ন,যুব সংগঠন ও মনিটরিং) ড. গোলাম ফারুক (অতিরিক্ত সচিব),প্রকল্প পরিচালক যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প,যুব উন্নয়ন অধিদপ্তর। সকল পরিচালক ও প্রকল্প পরিচালকগণ স্বস্ব উইং এর কাজের বিভিন্ন দিক নিয়ে অনুষ্ঠানে আলোচনা করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান, কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর গুরুত্ব তুলে ধরে বলেন, বার্ষিক পারফরম্যান্স এগ্রিমেন্ট(এপিএ) হলো একটি প্রতিষ্ঠানে জবাব দিহিতা বৃদ্ধি,কর্মদক্ষতাবৃদ্ধি এবং সম্পদের সঠিক ব্যবহারে উদ্ভাবনী পদ্ধতি। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনাব মোঃ আতিকুর রহমান,উপপরিচালক (প্রশাসন ),যুব উন্নয়ন অধিদপ্তর।

# " প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ণ" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত




ঢাকা বিভাগীয় প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১ ) ড. গাজী মোঃ সাইফুজ্জামান, অনুষ্ঠানে উপস্থিত আছেন যুব উন্নয়ন অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।




প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য প্রদান করছেন জনাব শহিদুল ইসলাম,জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট,বরিশাল। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত আছেন জনাব মোঃ মানিকহার রহমান,পরিচালক(প্রশিক্ষণ),যুব উন্নয়ন অধিদপ্তর।

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক " প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ণ" শীর্ষক বাৎসরিক কর্মশালা অতিসম্প্রতি ০৩টি বিভাগে অনুষ্ঠিত হয়। ২মে ঢাকা, ১৫ মে বরিশাল ও ২৩ মে২০২৪ চট্রগ্রামে বিভাগীয় কর্মশালা অনুষ্ঠিত হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) ড.গাজী মোঃ সাইফুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালাসমূহ উদ্বোধন করেন। প্রতিটি কর্মশালায় জনাব মোঃ মানিকহার রহমান,পরিচালক (প্রশিক্ষণ) যুব উন্নয়ন অধিদপ্তরের তত্ত্বাবধানে প্রশিক্ষণ কার্যক্রমের অগ্রগতি ও কর্মসূচি বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ নিরূপণ ও সমাধানে সকলের সাথে মতবিনিময় করেন। তাঁকে সর্বোতভাবে সহায়তা করেন প্রশিক্ষণ শাখার দুইজন উপপরিচালক জনাব মোঃ হামিদুর রহমান ও ফারিহা নিশাত। জেলা প্রশাসকের সভাপতিত্বে কর্মাশালায় উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট জেলাসমূহের উপপরিচালক,সহকারী পরিচালক,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,সিনিয়র প্রশিক্ষক ও প্রশিক্ষকসহ অন্যান্য কর্মকর্তাগণ।

# জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর দাখিলকৃত ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক সভা অনুষ্ঠিত



জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা'২০২৩-২০২৪ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক ফিডব্যাক সভায় ভার্চুয়ালী বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অদিদপ্তরের মহাপরিচালক ( গ্রেড-১ ) ডঃ গাজী মোঃ সাইফুজ্জামান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। এ কৌশলের মূল লক্ষ্য হল শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাস্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় সম্পাদিত কাজের বিপরীতে নম্বর প্রদান ও সে আলোকে মূল্যায়নের নিমিত্ত ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। ২৯ এপ্রিল'২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে মহাপরিচালক (গ্রেড-১ ) ড. গাজী মোঃ সাইফুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রধান কার্যালয়ের পরিচালক ও উপপরিচালকগণ স্বশরীরে এবং জেলা কার্যালয়ের উপপরিচালক ও কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটরগণ ভার্চুয়ালি অংশ গ্রহণ করেন। ৮ বিভাগের ৮টি জেলা কার্যালয়ের উপপরিচালকগণ ভার্চুয়ালি মহাপরিচালক মহোদয়ের সাথে প্রতিবেদন নিয়ে আলোচনা করেন। জেলা কার্যালয় হতে প্রাপ্ত প্রতিবেদনসমূহ পর্যবেক্ষনপূর্বক সভায় উপস্থাপন করা হয়। প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ নিশ্চিতকরণে আরো সতর্ক ও দায়িত্বশীল হওয়ার নিমিত্ত মহাপরিচালক ( গ্রেড-১) মহোদয় পরামর্শ প্রদান করেন। ত্রৈমাসিক প্রতিবেদনের অগ্রগতি নিয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। মহাপরিচালক (গ্রেড-১ ) মহোদয় বলেন জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এপিএ এর একটি আবশ্যিক বিষয় এতে শিথিলতা দেখানোর কোন সুযোগ নেই।

# ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর ৩য় ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা এবং ২০২৪-২০২৫ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা ও APAMS সফটওয়্যারে আপলোডকরণ বিষয়ে সভা অনুষ্ঠিত



যুব উন্নয়ন অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর ৩য় ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা (জানুয়ারি-মার্চ২০২৪) এবং ২০২৪-২০২৫ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা ও APAMS সফটওয়্যারে আপলোডকরণ বিষয়ক অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অদিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ডঃ গাজী মোঃ সাইফুজ্জামান

যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ১২ জুন২০২৪ তারিখ সকাল ৯.৩০ টায় ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর ৩য় ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা (জানুয়ারি-মার্চ২০২৪) এবং ২০২৪-২০২৫ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা ও APAMS সফটওয়্যারে আপলোডকরণ বিষয়ক সভার উদ্বোধন করেন। যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে সভা অনুষ্ঠিত হয়। সভায় মহাপরিচালকের কার্যালয়ের সকল পর্যায়ের কর্মকর্তাগণ সরাসরি ও ৬৪ জেলার উপপরিচালকগণ ভার্চুয়ালী অংশ গ্রহণ করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় যথাসময়ে প্রয়োজনীয় তথ্যাদি APAMS সফটওয়্যারে আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ মানিকহার রহমান, পরিচালক (প্রশাসন)(অতিঃদাঃ), যুব উন্নয়ন অধিদপ্তর। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনাব মোঃ আতিকুর রহমান,উপপরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর।

# যুব উন্নয়ন অধিদপ্তরের অভ্যন্তরীন সমন্বয় সভা অনুষ্ঠিত



যুব উন্নয়ন অধিদপ্তরের অভ্যন্তরীন মাসিক সমন্বয় সভায় বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১),ড. গাজী মোঃ সাইফুজ্জামান।

এপ্রিল-জুন২০২৪ প্রান্তিকের যুব উন্নয়ন অধিদপ্তরের অভ্যন্তরীন মাসিক সমন্বয় সভা যথাক্রমে ২২/০৪/২০২৪,২১/০৫/২০২৪ ও ১১/০৬/২০২৪ তারিখ অধিদপ্তরের সম্মেলন কক্ষে যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। সভায় সকল উইং এর যুব কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় সভায় দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় ডি-নথির মাধ্যমে শতভাগ নথি উপস্থাপন ও নথিটি ডি-নথির মাধ্যমে উপস্থাপিত হয়েছে মর্মে টেগ লাগানোর নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে কার্যক্রমের অগ্রগতি নিয়ে সন্তোষ প্রকাশ করেন ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। যুব উন্নয়ন অধিদপ্তরের অভ্যন্তরীন মাসিক সমন্বয় সভা সঞ্চালনা করেন জনাব মোঃ আতিকুর রহমান,উপপরিচালক (প্রশাসন ), যুব উন্নয়ন অধিদপ্তর।

# নোয়াখালী জেলার ভাসানচরে এফডিএমএনদের সাথে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত



ভাসানচরে আলোচনা সভায় বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান

যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ( গ্রেড-১) মহোদয়ের সাথে ভাসানচরে বসবাসরত এফডিএমএনদের এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ( গ্রেড-১) ,ড. গাজী মোঃ সাইফুজ্জামান। ১৭/০৪/২০২৪ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় ভাসানচর এফডিএমএন ক্যাম্পে উপস্থিত হলে ভাসানচরে কর্মরত কর্মকর্তাগণ যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ( গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামানকে শুভেচ্ছা জানান ও শুভেচ্ছা স্মারক প্রদান করেন। শুভেচ্ছা বিনিময়ের পর ভাসানচরে বসবাসরত এফডিএমএনদের সাথে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় ভাসানচরে অবস্থানরত এফডিএমএনদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পের ডিপিপি প্রস্তুত নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উক্ত আলোচনা সভায় ব্র্যাকের কর্মকর্তা, পরিচালক (পরিকল্পনা) ,এম এ আখের এবং যুব উন্নয়ন অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

# বগুড়া জেলার শাজাহানপুর উপজেলায় মতবিনিময় সভা অনুষ্ঠিত




মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান।

১০ মে ২০২৪ তারিখে বগুড়া জেলার শাজাহানপুর উপজেলায় এসইও এক্সপেট বাংলাদেশ লিঃ কর্তৃক আয়োজিত ফ্রিল্যান্সারদের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, প্রযুক্তির উৎকর্ষে পৃথিবীর আমূল পরিবর্তন ঘটেছে। একবিংশ শতাব্দীর প্রেক্ষাপট-বিবেচনায় প্রযুক্তিই এক ধরণের শাসন করছে পুরো বিশ্বকে। আধুনিক বিশ্বে টিকে থাকতে হলে প্রযুক্তিগত জ্ঞান, প্রযুক্তির সঠিক ব্যবহার ও যথাযথ প্রয়োগ সম্পর্কে আমাদের সবারই অবগত হওয়া সময়ের দাবি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত পরিচালক (দা.বি. ও ঋণ), জনাব এ কে এম মফিজুল ইসলাম। উপপরিচালক জনাব শাহীনুর রহমান (দা.বি. ও ঋণ), বগুড়া জেলার উপপরিচালক, উপজেলা নির্বাহী অফিসার,শাজাহানপুর,বগুড়া,থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা, শাজাহানপুর,বগুড়া ও যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের দারিদ্র বিমোচন ও ঋণ শাখার সহকারী পরিচালকগণ উপস্থিত ছিলেন।

# ২০২৩-২০২৪ অর্থবছরে কর্মকর্তাগণের ষাট ঘন্টাব্যাপী প্রশিক্ষণ



ষাট ঘন্টাব্যাপী প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতি হিসেবে বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান। উপস্থিত আছেন যুব উন্নয়ন অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

২০২৩-২০২৪ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তাদের অংশ গ্রহণে প্রথম ব্যাচের প্রশিক্ষণ ২৩ এপ্রিল২০২৪ তারিখে উদ্বোধন করা হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক(গ্রেড-১) জনাব ড. গাজী মোঃ সাইফুজ্জামান সভাপতি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ অনুষ্ঠানের উদ্বোধন করেন। উক্ত ষাটঘন্টাব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠানে যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালকের কার্যালয়ের ৩০ জন কর্মকর্তা অংশ গ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় সরকারি কর্মচারী শৃংখলা ও আপীল বিধিমালা ২০১৮ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। মহাপরিচালক(গ্রেড-১) মহোদয় প্রশিক্ষণার্থীগণকে বিধি বিধান জেনে সতর্কতার সাথে দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করেন। প্রশিক্ষণের শেষ দিন জনাব মোঃ তোফাজ্জেল হোসেন অতিরিক্ত সচিব,পরিকল্পনা অনুবিভাগ,মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত বিষয়ে গুরুত্বপূর্ণ ও মনোমুগ্ধকর আলোচনা করেন। পরিচালক(বাস্তবায়ন,মনিটরিং ও যুব সংগঠন) জনাব প্রিয়সিন্ধু তালুকদার সরকারি কর্মচারি আাচরন বিধি, শৃংখলা ও আপিল বিধিমালা ১৯৭৯ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। জনাব এম এ আখের,পরিচালক (পরিকল্পনা ) এসডিজি বিষয়ক ও বাংলাদেশ প্রেক্ষাপট নিয়ে বিস্তারিত আরোচনা করেন। জনাব মোঃ আঃ হামিদ খান, পরিচালক (প্রশাসন) ননক্যাডার কর্মকর্তাদের জ্যেষ্ঠতা নির্ধারন ও উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত প্রকল্পের কর্মকর্তা/কর্মাচারীদের জ্যেষ্ঠতা নির্ধারন, জনাব এ কে এম মফিজুল ইসলাম,পরিচালক(দা: বি: ও ঋণ) ছুটি বিধিমালা ১৯৫৯ সম্পর্কে আলোচনা করেন। পরিচালক(অর্থ) জনাব মো: আব্দুর রেজ্জাক সচিবালয় নিরাপত্তা আইন ও নিরীক্ষা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। ইহা ছাড়া যুব উন্নয়ন অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তাগণ সরকারি চাকরির বিভিন্ন বিধি বিধান সম্পর্কে আলোচনা করেন। সমগ্র প্রশিক্ষণ কোর্সটি পরিচালনা করেন জনাব মোহাম্মদ আবুল বাসার সহকারী পরিচালক (প্রশাসন),যুব উন্নয়ন অধিদপ্তর।

# ছুটি রিসোর্ট এ কর্মশালা অনুষ্ঠিত




যুব উন্নয়ন অধিদপ্তর, ন্যাশনাল ইয়ুথ কাউন্সিল ও Plan International Bangladesh (PIB) এর সমন্বয়ে ছুটি রিসোর্ট এ অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অদিদপ্তরের মহাপরিচালক ( গ্রেড-১ ) ডঃ গাজী মোঃ সাইফুজ্জামান।

যুব উন্নয়ন অধিদপ্তর, ন্যাশনাল ইয়ুথ কাউন্সিল ও Plan International Bangladesh (PIB) এর সমন্বয়ে গাজীপুর জেলাধীন কালিগঞ্জ উপজেলার পূর্বাচল (রাথুরা নগরী)" ছুটি রিসোর্ট" এ ২৭.০৪.২০২৪ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত এক কর্মশালা অনুষ্ঠিত হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান, কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার উদ্বোধন করেন। কর্মশালায় প্রথম বছরের জন্য বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন ও পরবর্তী চার বছরের জন্য সংক্ষিপ্ত কর্মপরিকল্পনা নির্ধারণ করা হয়। জনাব মোঃ মানিকহার রহমান, পরিচালক (প্রশিক্ষণ), জনাব এম এ আখের, পরিচালক (পরিকলপনা), জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক (প্রশিক্ষণ), জনাব মোঃ সেলিমুল ইসলাম, উপপরিচালক (পরিকল্পনা) ও পরিকল্পনা উইং এর তিন জন সহকারী পরিচালক , যুব উন্নয়ন অধিদপ্তর, উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন। কর্মশালা অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনাব মোঃ শওকত আলী, সহকারী পরিচালক (পরিকল্পনা ), যুব উন্নয়ন অধিদপ্তর ।

# জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত 'নৈতিকতা কমিটির' ৪র্থ ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত



২০২৩-২০২৪ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির সভায় বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অদিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান, উপস্থিত আছেন যুব উন্নয়ন অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

৪ এপ্রিল ২০২৪ খ্রিঃ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সংক্রান্ত 'নৈতিকতা কমিটির' ২০২৩-২০২৪ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক সভা ড. গাজী মোঃ সাইফুজ্জামান, মহাপরিচালক ( গ্রেড-১ ) এর সভাপতিত্বে অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী বিভিন্ন সূচকের কার্যক্রম বাস্তবায়ন ও অগ্রগতি নিয়ে সভায় আলোচনা হয়। কার্যক্রমসমূহ বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণে বিশদ আলোচনা হয়। জুলাই ২০২৩ হতে মার্চ ২০২৪ পর্যন্ত বাস্তবায়িত কর্মসূচির অগ্রগতি উপস্থাপন করা হয়। অর্জিত অগ্রগতিতে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। মহাপরিচালক ( গ্রেড-১ ) মহোদয় সকল কার্যক্রমের প্রমাণক সঠিক আছে কিনা তাহা ক্ষতিয়ে দেখার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন।




নরসিংদী জেলায় আত্নকর্মী থেকে উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রশিক্ষণ ) জনাব মোঃ মানিকহার রহমান।





USAID Bijoyee project উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান ও যুব উন্নয়ন অধিদপ্তরের সকল পর্যাযেরর কর্মকর্তাগণ এবং USAID Bijoyee project এর কর্মকর্তাবৃন্দ।

# মাঠ পর্যায়ে যুব কার্যক্রমের খন্ড চিত্র



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. মহিউদ্দিন আহমেদ কে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন বাগেরহাট জেলাধীন মুরেলগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ



মৌলভীবাজার জেলায় সফল আত্মকর্মীর লেয়ার মুরগীর খামার




মৌলভী বাজার জেলায় যুব কার্যক্রম নিয়ে কর্মকর্তা/কর্মচারীদের সাথে মতবিনিময় সভা করছেন জনাব প্রিয়সিন্ধু তালুকদার,যুগ্মসচিব,পরিচালক(বাস্তবায়ন,মনিটরিং ও যুব সংগঠন),যুব উন্নয়ন অধিদপ্তর।



প্রশিক্ষণার্থীদের মাঝে প্রশিক্ষণ ভাতা ও সনদপত্র বিতরণ করছেন,জনাব এ কে এম গালিভ খাঁন,জেলা প্রশাসক,চাঁপাইনবাবগঞ্জ।



নেত্রকোনা জেলায় যুব কার্যক্রম পরিদর্শনে যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (বাস্তবায়ন,যুব সংঠন ও মনিটরিং) জনাব প্রিয়সিন্ধু তালুকদার (যুগ্মসচিব )।




যুব কল্যাণ তহবিলের অনুদানের চেক বিতরণ করছেন, জনাব এ কে এম গালিভ খাঁন,জেলা প্রশাসক,চাঁপাইনবাবগঞ্জ।

## এক নজরে এপ্রিল-জুন২০২৪ প্রান্তিকে যুব কার্যক্রমের ত্রৈমাসিক লক্ষমাত্রা ও অগ্রগতি

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | শতকরা হার |
|---|---|---|---|
| প্রশিক্ষণ | ৬৭৭২০ জন | ৬৭৪৪৬ জন | |
| আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণ | ১০২৫০জন | ১০৬৬৮ জন | ১০০% |
| ঋণ বিতরণ | ৮৭৫০ জন | ১০০১১ জন | ১১৪% |
| যুব সংগঠন নিবন্ধন | ৫০১টি | ২৩৭টি | ৪৭% |
| আত্মকর্মসংস্থান ও ঋণ বিষয়ক কর্মশালা | ৬টি | ৬টি | ১০০% |
| প্রশিক্ষণ কর্মশালা | ৩টি | ৩টি | ১০০% |
| জনসচেতনতামূলক অনুষ্ঠান | ১৭টি | ১৭টি | ১০০% |